গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা বাস্তবায়ন ও মনিটরিং সেল**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.১০.০০০০.০০৫.১৮.০৫২.২০২০/২০ তারিখঃ ২৫-০৩-২০২০ খ্রিঃ

বরাবর

উপজেলা কৃষি অফিসার

.................................উপজেলা..........................জেলা

**বিষয়ঃ পরিচালন বাজেটের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য উন্নয়ন সহায়তা প্রদানের লক্ষ্যে কম্বাইন হারভেস্টার, রিপার ও রাইস্ ট্রান্সপ্লান্টার যন্ত্রের উপজেলাভিত্তিক বরাদ্দ ও মোট উন্নয়ন সহায়তা বাবদ নির্ধারিত অর্থের পরিমাণ প্রেরণ প্রসঙ্গে।**

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার কৃষি মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলাভিত্তিক কম্বাইন হারভেস্টার, রিপার ও রাইস্ ট্রান্সপ্লান্টার যন্ত্রের উপজেলাভিত্তিক বরাদ্দ ও মোট উন্নয়ন সহায়তার পরিমাণ উন্নয়ন সহায়তা সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। উপজেলাভিত্তিক অনুমোদিত বরাদ্দকৃত যন্ত্র সংখ্যা ও উপজেলাভিত্তিক মোট উন্নয়ন সহায়তা বাবদ নির্ধারিত অর্থের পরিমাণ অত্রসাত প্রেরণ করা হলো। এ কার্যক্রমটি বাস্তবায়নে ইতোমধ্যে দেশের প্রতিষ্ঠিত আমদানীকারক/সরবরাহকারীদের তালিকা প্রণয়ন সম্পন্ন করা হয়েছে (নির্বাচিত প্রতিষ্ঠানসমুহের তালিকা ও কারিগরি কমিটি কর্তৃক মডেলভিত্তিক উন্নয়ন সহায়তার পরিমাণ সংযুক্ত পরিশিষ্ট-খ)। বরাদ্দকৃত যন্ত্রের বিপরীতে চূড়ান্ত কৃষক/কৃষক গ্রুপের তালিকা প্রণয়ন, অনুমোদন ও কার্যক্রম বাস্তবায়নে নিম্নরূপ নিয়মাবলী অনুসরণ করতে হবে ঃ

১। উপজেলাভিত্তিক অনুমোদিত বরাদ্দকৃত যন্ত্র সংখ্যা ও উপজেলাভিত্তিক মোট উন্নয়ন সহায়তার পরিমাণ অনুযায়ী উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি চূড়ান্ত কৃষক তালিকা প্রণয়ন ও অনুমোদন করবে। উপজেলা কৃষি অফিসার উক্ত অনুমোদিত কৃষক তালিকা অনুযায়ী যন্ত্র সরবরাহের উদ্যোগ গ্রহণ করবেন। অনুমোদিত কৃষক তালিকার ১ কপি সেলে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, উন্নয়ন সহায়তার মোট অর্থের সর্বোচ্চ ব্যবহারের উদ্যোগ নিতে হবে।

২। কৃষি যন্ত্রপাতি ক্রয়ে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র কার্ডপ্রাপ্ত কৃষক/কৃষক গ্রুপকে অন্তর্ভুক্ত করতে হবে। কোন যান্ত্রিক সেবা প্রদানকারী ভর্তুকি গ্রহণে তালিকাভুক্ত হবেন না। কৃষক নির্বাচনের ক্ষেত্রে উক্ত কৃষকের ১০ (দশ) টাকার ব্যাংক একাউন্ট এবং হালনাগাদ কৃষি কার্ড থাকতে হবে।

৩। উপজেলা কৃষি অফিসার তালিকাভুক্ত কৃষককে চিহ্নিত করার লক্ষ্যে আইডি কার্ড/উপকরণ সহায়তা কার্ড যাচাই ও ডিএই'র এসএএও'দের সহায়তায় কৃষক/কৃষক গ্রুপের নাম, পিতার নাম, ঠিকানা ও অনুমোদিত তালিকায় ক্রমিক নং উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র প্রদান করবেন, যা কৃষক/কৃষক গ্রুপ যন্ত্র ক্রয়ের সময় যন্ত্র বিক্রয়কারী/সরবরাহকারীকে প্রদান করবেন (সংযুক্ত পরিশিষ্ট-গ)।

৪। উন্নয়ন সহায়তায় প্রাপ্ত যন্ত্র কৃষি কাজে সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা, যন্ত্র সংগ্রহকারী কৃষক কর্তৃক পরবর্তী সময়ে যন্ত্র হস্তান্তর না করা এবং হস্তান্তর করলে গৃহীত উন্নয়ন সহায়তার অর্থ ফেরত প্রদান করা; এরূপ শর্তসাপেক্ষে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে উপজেলা কৃষি কর্মকর্তা ও যন্ত্র গ্রহণকারী কৃষকের মধ্যে একটি অঙ্গিকারমূলক চুক্তি সম্পন্ন করতে হবে (সংযুক্ত পরিশিষ্ট-ঘ)।

৫। কৃষক/কৃষক গ্রুপ সংশ্লিষ্ট যন্ত্রের বিক্রয়কারী/সরবরাহকারীর সাথে যোগাযোগ করে নির্ধারিত উন্নয়ন সহায়তার অর্থ বাদ দিয়ে কৃষকের অংশের অর্থ পরিশোধ করে কৃষি যন্ত্র ক্রয় করবেন। উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের ক্ষেত্রে নির্ধারিত কৃষি যন্ত্রপাতির মূল্য হিসেবে কম্বাইন হারভেস্টারের ক্ষেত্রে ১৪ (চৌদ্দ) লাখ টাকা অথবা বাজার মূল্যের ৫০% যেটি কম হয় এবং রিপার ও রাইস্ ট্রান্সপ্লান্টার যন্ত্রের ক্ষেত্রে বাজার মূল্যের ৫০% অর্থ কৃষককে প্রদান করতে হবে। ক্রয়মূল্য নির্ধারণে মতদ্বৈততা হলে কারিগরি কমিটি কর্তৃক নির্ধারিত মূল্য বাজার মূল্য হিসেবে বিবেচিত হবে।

৬। সরবরাহকৃত প্রতিটি যন্ত্রের গায়ে নিম্নরূপ লেখা বাধ্যতামূলক হবে:

| |
|---|
| সরকারি উন্নয়ন সহায়তার আওতায় সরবরাহকৃত<br>হস্তান্তর যোগ্য নয়<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয় |

যন্ত্র সরবরাহের সময় বিক্রয়কারী/সরবরাহকারী এটি অমোছনীয় কালি দিয়ে লিখে দিবেন। সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিস এটি নিশ্চিত করবে।

অঃ পৃঃ দ্রঃ

৭। উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সম্মুখে যন্ত্র বিতরণকালে যন্ত্র সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে যন্ত্রের মূল প্রস্তুতকারক কর্তৃক সরবরাহকৃত ও নির্দেশিত সকল যন্ত্রাংশ এবং টুলস্ যথাযথভাবে বুঝে নিতে হবে। যার ভিতর কারিগরি কমিটি কর্তৃক চাহিত অত্রসাত সংযুক্ত তালিকা (সংযুক্ত পরিশিষ্ট-ঙ) মোতাবেক নির্ধারিত যন্ত্রাংশ আবশ্যিকভাবে থাকতে হবে। যন্ত্র সরবরাহকারী প্রতিষ্ঠান যন্ত্র গ্রহণকারী কৃষক/কৃষক গ্রুপকে ১ বৎসরের ওয়ারেন্টি ও ২ বৎসরের ফ্রি সার্ভিস বিনামূল্যে প্রদান করবে।

৮। চুক্তি সম্পন্ন হওয়ার পর উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রত্যায়িত কৃষক/কৃষক গ্রুপ তালিকাভুক্ত সরবরাহকারীদের নিকট হতে কৃষিযন্ত্র ক্রয় করতে পারবেন। এ ক্ষেত্রে তার অংশের অর্থ সরাসরি বিক্রেতা প্রতিষ্ঠানকে পরিশোধ করবেন। সকল উন্নয়ন সহায়তার আওতায় গ্রহণকৃত কৃষি যন্ত্র আবশ্যিকভাবে উপজেলা কার্যালয়ে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির সম্মুখে বিতরণ করত হবে। এ সময়ে স্থানীয় জনপ্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। বিতরণের দিনক্ষণ পূর্ব থেকেই জেলা ও আঞ্চলিক কার্যালয় এবং কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা বাস্তবায়ন ও মনিটরিং সেলকে অবহিত করতে হবে।

৯। উপজেলা কৃষি অফিসার ও তার সহযোগীগণ কৃষকদের নিকট সরবরাহ শেষে নির্দিষ্ট কৃষক/কৃষক গ্রুপের বিপরীতে বরাদ্দকৃত যন্ত্রের ইঞ্জিন নং ও চেসিস নং মিলিয়ে দেখবেন। এ ক্ষেত্রে জেলায় কর্মরত কৃষি প্রকৌশলীর কারিগরী সহায়তা গ্রহণ করা যেতে পারে। যন্ত্র সরবরাহ নিশ্চিত হবার পর বিক্রয়কেন্দ্র থেকে প্রদত্ত চালানে উপজেলা কৃষি অফিসার ৭ (সাত) দিনের মধ্যে প্রতিস্বাক্ষর করবেন। ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষরের জন্য কর্মক্ষেত্রে উপস্থিত না থাকলে জেলায় কর্মরত কৃষি প্রকৌশলীর মাধ্যমে যন্ত্র সরবরাহ নিশ্চিত হওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ এ চালানে প্রতিস্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরিত চালানের ১ কপি কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা বাস্তবায়ন ও মনিটরিং সেলে প্রেরণ করতে হবে, ১টি চালান বিল দাখিলের জন্য বিক্রয়কারী/প্রতিনিধিকে বুঝিয়ে দিবেন এবং ১ কপি সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের দপ্তরে সংরক্ষণ করবেন।

১০। কৃষি যান্ত্রিকীকরণের উন্নয়ন সহায়তার যাবতীয় কার্যক্রম স্বচ্ছভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, পত্র জারির তারিখ হতে পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক যন্ত্র সরবরাহ কার্যক্রম বাস্তবায়ন করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১। উপজেলাভিত্তিক বরাদ্দকৃত যন্ত্রের সংখ্যা ও উন্নয়ন সহায়তার পরিমাণ (পরিশিষ্ট-ক) - ১ (এক) ফর্দ।
২। অনুমোদিত যন্ত্র সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকা ও যন্ত্রভিত্তিক নির্ধারিত উন্নয়ন সহায়তার অর্থ (পরিশিষ্ট-খ) -৪ (চার) ফর্দ।
৩। প্রত্যয়ন পত্রের ছক (পরিশিষ্ট-গ) - ১ (এক) ফর্দ।
৪। কৃষক/কৃষক গ্রুপের সাথে উপজেলা কৃষি কর্মকর্তার চুক্তি নামার ছক (পরিশিষ্ট-ঘ) - ৩ (তিন) ফর্দ।
৫। উন্নয়ন সহায়তার আওতায় যন্ত্রের সাথে সরবরাহের জন্য নির্ধারিত যন্ত্রাংশের তালিকা (পরিশিষ্ট-ঙ)-১ (এক) ফর্দ।

২৫/০৩/2020

**(মাহফুজ হোসেন মিরদাহ)**
অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও কো-অর্ডিনেশন)
ও
প্রধান
কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা
বাস্তবায়ন ও মনিটরিং সেল
সরেজমিন উইং
ফোনঃ ০১৯১১৩৯৩৩৫৫

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। পরিচালক প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ...................................অঞ্চল.......................জেলা।
৬। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..........................জেলা।
৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, ................................
উপজেলা.................................জেলা।